

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ২০২১-২০২২ শিক্ষাবর্ষের স্নাতক শ্রেণিতে ভর্তিতে চূড়ান্ত পরীক্ষা আজ শনিবার অনুষ্ঠিত হয়েছে। চূড়ান্ত পরীক্ষায় দুই শিফটে ৩ হাজার করে মোট ৬ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করেন। প্রথম শিফটের পরীক্ষা সকাল ১০টায় শুরু হয়ে চলে দুপুর ১২টা পর্যন্ত। দ্বিতীয় শিফটের পরীক্ষা বেলা ২টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত অনুষ্ঠিত হয়।

এবার পার্বত্য চট্টগ্রাম এবং অন্যান্য এলাকার ক্ষুদ্র জাতিগোষ্ঠীভুক্ত প্রার্থীদের প্রকৌশল বিভাগ এবং নগর ও অঞ্চল-পরিকল্পনা বিভাগের জন্য মোট ৩টি, স্থাপত্য বিভাগে ১টি সংরক্ষিত আসনসহ মোট আসনসংখ্যা ১ হাজার ২৭৯। সেই হিসেবে আসনপ্রতি লড়েছেন প্রায় ৬ জন।

আগামী ৬ জুলাই নির্বাচিত ও অপেক্ষমাণ প্রার্থীদের নামের তালিকা প্রকাশ করা হবে বলে জানিয়েছে বুয়েট।

এর আগে গত ৪ জুন বুয়েটে ২০২১-২২ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার প্রাক-নির্বাচনী (প্রাথমিক বাছাই) পরীক্ষা অনুষ্ঠিত হয়।

গত ১৬ এপ্রিল সকাল ১০টা থেকে অনলাইনের মাধ্যমে বুয়েটের স্নাতক ভর্তির প্রাথমিক আবেদন শুরু হয়। আবেদন চলে ২৫ এপ্রিল বেলা ৩টা পর্যন্ত।